

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd




স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৩২.১৯/১১২০/৪

তারিখ : ০৪/০৪/২০১৯ খ্রি.

বিষয় : মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রিট পিটিশন নং ৬৫৩১/২০১১ এবং কনটেম্পট পিটিশন নং ৪২/২০১৮ এর আদেশ বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার দুর্গাপুর উপজেলাধীন আলীপুর মডেল কলেজের ৩৬ জন শিক্ষক-কর্মচারী এম.পি.ও ভুক্তির জন্য মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং ৬৫৩১/২০১১ দায়ের করেন। মহামান্য হাইকোর্টের রায় বাস্তবায়ন না করায় কনটেম্পট পিটিশন নং ৪২/২০১৮ দায়ের করেন। পিটিশনার জনাব মো: সাইফুল ইসলাম (ভারপ্রাপ্ত অধ্যক্ষ) মহামান্য হাইকোর্টের রায় মোতাবেক এমপিওভুক্ত করার জন্য মাউশি অধিদপ্তরে আবেদন করেন। অন্যদিকে আলীপুর মডেল কলেজের গভর্নিং বডি সভাপতি পরিবর্তন সংক্রান্ত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহীর ২৩/৮/২০১৫ তারিখের পত্রকে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং ৮৪৩৭/২০১৫ দায়ের করেন। মহামান্য আদালত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহীর ২৩/০৮/২০১৫ তারিখের পত্র ৬ মাসের জন্য স্থগিত করেন। ২৩/০৮/২০১৫ তারিখের পত্রের বিরুদ্ধে দায়েরকৃত ৮৪৩৭/২০১৫ নং রিট মামলার সর্বশেষ অবস্থা কি-এ সংক্রান্ত কোন তথ্য মাউশি অধিদপ্তরে নাই।

এমতাবস্থায়, আলীপুর মডেল কলেজের গভর্নিং বডি পরিবর্তন সংক্রান্ত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহীর ২৩/০৮/২০১৫ তারিখের পত্রের বিরুদ্ধে দায়েরকৃত রিট পিটিশন নং ৮৪৩৭/২০১৫ এর সর্বশেষ অবস্থা কি-এ সংক্রান্ত তথ্যাদি আগামী ০৩(তিন) কর্মদিবসের মধ্যে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী।

 ০৪.০৪.১৯

(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭।

ই-মেইল : ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ

আলীপুর মডেল কলেজ

দুর্গাপুর, রাজশাহী।

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
- ০২। আইন কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০৩। সভাপতি, গভর্নিং বডি, আলীপুর মডেল কলেজ, দুর্গাপুর, রাজশাহী;
- ০৪। সংরক্ষণ নথি।